দামুড়হুদায় নাশকতার অভিযোগে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মী আটক

জামায়াতের নায়েবে আমির দেলোওয়ার হোসাইন সাঈদীর মৃত্যুকে কেন্দ্র করে নাশকতার আশঙ্কায় দামুড়হুদা উপজেলায় বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মীকে আটক করেছে মডেল থানার পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ২ টার দিকে দামুড়হুদার লোকনাথপুর ও জুড়ানপুর এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

আটকৃতরা হলেন- দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের মৃত আকরাম আলীর ছেলে বিএনপি নেতা মোঃ আকবর আলী (৫৭), মৃত হামজার শেখের ছেলে বিএনপি নেতা মোঃ আমির হোসেন (৫৮),মৃত আনারুল ইসলামের ছেলে বিএনপি নেতা মহসীন আলী (৪০),মৃত হাবিবুর রহমানের ছেলে জামায়াত নেতা মোঃ মোস্তফা জামাল (৫০), মৃত কাতেব আলী বিশ্বাসের ছেলে জামায়াত নেতা মোঃ ফজলুল হক লেলিন (৬২),মোঃ আব্দুল মমিনের ছেলে জামায়াত নেতা মোঃ সজল হোসেন (২৮) ও জুড়ানপুর গ্রামের মৃত আব্দুল বারীর ছেলে জামায়াত নেতা মোঃ হাবিবুর রহমান (৩৫)।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবীর বিষয়টি নিশ্চিত করে বলেন, জামায়াতের আমির সাঈদীর মৃত্যুর পর এলাকায় নাশকতা সৃষ্টির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন জনসমাগমে বিভ্রান্তি মূলক তথ্য ছড়াচ্ছিল। এছাড়া দেলোয়ার হোসেন সাঈদীর গায়েবানা জানাযা ও নাশতার করার পরিকল্পনা করছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৭ বিএনপি জামায়াত নেতাকর্মীকে আটক করে মডেল থানা পুলিশের চৌকস টিম। বিস্ফোরণ ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে আটকদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে ও আসামিদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।